

পুনর্বিবেচনার আবেদন নং ০৪৪/২০২৪

বিষয় : দরপত্র মূল্যায়নে অনিয়ম হওয়ায় পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধি ৫৬ বিধি অনুযায়ী রিভিউ প্যানেলে আপিল দায়ের (দরপত্র আইডি নম্বর ৯০২০২৫)

বাদি : সৈয়দ আমিরুল ইসলাম, অতিরিক্ত পরিচালক, মোহাম্মদ ইউনুস এন্ড ব্রাদার্স (প্রাঃ) লি., বিজনেস সেন্টার, Equity G.F. Fortune Mall (Beside Mimi Super Market) (17th floor), 1 no. Baijid Bostami Road Panchlaish, Chattogram.

বিবাদি : (১) নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি), বরগুনা।

(২) প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি), এলজিইডি ভবন, শেরে বাংলা নগর, ঢাকা।


(৩) সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।


সংক্ষেপে আপীলের বিবরণ:


- (১) বরেন্দ্র কনস্ট্রাকশন লি: গত ২৯-০৮-২০২৩ তারিখে গঠিত একটি কোম্পানী। দরপত্রের শর্ত অনুযায়ী যোগ্যতার মানদণ্ডে ৫ বছরের যে অভিজ্ঞতা চাওয়া হয়েছে তা বরেন্দ্র কনস্ট্রাকশন লি:-এর নেই।
- (২) বরেন্দ্র কনস্ট্রাকশন লি: উহার সকল পরিচালক/শেয়ার হোল্ডারের অভিজ্ঞতার সনদপত্র একত্রীকরণ করে জমা প্রদান করে। কোম্পানীর যোগ্যতা নির্ণয়পূর্বক দরপত্রে অংশগ্রহণ করে যা পিপিএ ২০০৬, পিপিআর ২০০৮ এবং কোম্পানী আইন অনুযায়ী গ্রহণযোগ্য নয়।
- (৩) বরেন্দ্র কনস্ট্রাকশন কোম্পানী লিমিটেড উহার সরঞ্জাম, লোকবল ইত্যাদি যাবতীয় অবস্থান অভিটের মাধ্যমে প্রকাশের বিধি-বিধান অনুসরণ করেনি।
- (৪) বরেন্দ্র কনস্ট্রাকশন কোম্পানী লিমিটেড-এর সাথে একত্রীভূত কোম্পানীর একজন পরিচালক পূর্বের লাইসেন্সে একটি দরপত্রের চুক্তিপত্রে স্বাক্ষর করে।
- (৫) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, বরগুনা বরেন্দ্র কনস্ট্রাকশন কোম্পানী লিমিটেডকে বিজয়ী করায় অপর একজন ঠিকাদারের অভিযোগের প্রেক্ষিতে রিভিউ প্যানেল-৩ এর আদেশ অনুযায়ী মূল্যায়ন বিধিসম্মত হয়নি সর্মে মতামত প্রদান করে।

আদেশ

- (ক) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এর নির্বাহী প্রকৌশলী, বরগুনা কর্তৃক আহবানকৃত দরপত্র আইডি নং ৯০২০২৫ এর মূল্যায়নে মূল্যায়ন কমিটি ৭ (সাত) টি প্রোপ্রাইটরি ফার্মের পূর্ব অভিজ্ঞতা/যোগ্যতা সহ অন্যান্য বিষয় যেভাবে পিপিএ/পিপিআর-এর সংস্থান ব্যতিরেকে ৭ (সাত) প্রোপ্রাইটরি ফার্মের স্বত্বাধিকারী ব্যক্তির মূলধনে নবগঠিত বরেন্দ্র কনস্ট্রাকশন লিঃ এর যোগ্যতা ও অভিজ্ঞতা দেখিয়ে দরপত্র মূল্যায়ন করেছে তা যথাযথ ও বিধিসম্মত হয়নি;
- (খ) অনুরূপ বিষয়ে রিট মামলা ৫৮৫/২০২৪ ও সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং ২৫৫-২৫৬ অফ ২০২৪ উচ্চ আদালতে বিচারাধীন আছে বিধায় বিপিপিএ পদক্ষেপ গ্রহণে বর্ণিত মামলাসমূহের চূড়ান্ত আদেশ বিবেচনায় নেবে;
- (খ) বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি এই বিষয়ে ৪(২)(ক), ৪(২) (খ), ৪(২)(গ), ৪(২)(ঘ), ৪(২) (ঙ) এবং ৪(২)(চ) উল্লিখিত মতামত জারী করেছে, মতামতসমূহ স্পষ্ট হলেও ক্রয়কারিগণ ভিন্নভাবে ব্যাখ্যা করছেন এবং ব্যবহার করছেন যা আইনী জটিলতার সৃষ্টি করেছে/মামলা মোকদ্দমার ক্ষেত্র তৈরি হচ্ছে। এমতাবস্থায় সকল মতামত পর্যালোচনা করে ও এতদসংক্রান্ত উচ্চ আদালতে বিচারাধীন রিট পিটিশন/লিভ টু আপিল-এর চূড়ান্ত রায় এর আলোকে একটি সুগঠিত স্পষ্টিকরণ জারী করার জন্য নির্দেশনা প্রদান করছে।
- (গ) বাদির নিরাপত্তা জামানত ফেরত প্রদান করা যেতে পারে।


(মোঃ আমিন হেলালী)
সদস্য
রিভিউ প্যানেল-৫
সহ-সভাপতি, এফবিসিসিআই


(মোঃ মোজাম্মেল হক)
সদস্য
রিভিউ প্যানেল-৫
জেলা ও দায়রা জজ (অবঃ)


(মোঃ নাসির উদ্দিন আহমেদ)
চেয়ারপারসন
রিভিউ প্যানেল-৫
সরকারের সাবেক সচিব